# বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ

বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা ।

বাংলাদেশ ব্যাংক ওয়েব সাইট ঃ www.bangladeshbank.org.bd

জ্যৈষ্ঠ ২৫ , ১৪১৮ বাং
এফ,ই সার্কুলার নং ০৮ তারিখ ঃ ---------------
জুন ০৮, ২০১১ ইং

বৈদেশিক মুদ্রায় লেনদেনের
সকল অনুমোদিত ডিলার ।

প্রিয় মহোদয়গণ,

**হস্তচালিত তাঁতবস্ত্র রপ্তানির ক্ষেত্রে চুক্তি/অগ্রিম টিটি'র মাধ্যমে প্রাপ্ত আয়ের বিপরীতে নগদ সহায়তা প্রদান প্রসংগে ।**

শিরোনামোক্ত বিষয়ে অত্র বিভাগ কর্তৃক জারীকৃত এফই সার্কুলার নং ২৭/৯৫, ০৮/২০০১, ১০/২০০৩, ১৩/২০০৫, ০৬/২০০৬, ০৩/২০০৭, ০৮/২০০৮, ১৪/২০০৯ এবং ১৭/২০১০ এর প্রতি সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাইতেছে যে, হস্তচালিত তাঁতবস্ত্র রপ্তানির ক্ষেত্রে রপ্তানি ঋণপত্রের পাশাপাশি রপ্তানি চুক্তির বিপরীতে রপ্তানির ক্ষেত্রে টিটি'র মাধ্যমে প্রাপ্ত অগ্রিম মূল্যের বিপরীতে নগদ সহায়তা সুবিধা পরিশোধের ক্ষেত্রে নিম্নোক্ত সিলিং মূল্য ও শর্তাবলী পরিপালণীয় হইবেঃ-

(ক) হস্তচালিত সংশ্লিষ্ট তাঁত বস্ত্র রপ্তানির ক্ষেত্রে সিলিং মূল্যঃ

| ক্রমিক নং | পণ্যের নাম | পরিমান | সিলিং মূল্য (মাঃডঃ) |
|---|---|---|---|
| ০১। | জামদানী শাড়ী | ১ পিস | ৫০.০০ |
| ০২। | লুঙ্গি | ১ পিস | ৪.০০ |
| ০৩। | গামছা | ১ পিস | ১.০০ |
| ০৪। | টাঙ্গাইল শাড়ী | ১ পিস | ৫.০০ |
| ০৫। | বেনারসী শাড়ী | ১ পিস | ৩০.০০ |
| ০৬। | উপজাতীয় তাঁত বস্ত্র | ১ মিটার | ১.৫০ |
| ০৭। | মনিপুরী তাঁত বস্ত্র | ১ মিটার | ১.৫০ |
| ০৮। | জামদানী টু-পিস | ১ পিস | ২০.০০ |
| ০৯। | তাঁতের তৈরী থ্রী পিস | ১ পিস | ১০.০০ |
| ১০। | কুশন কভার | ১ পিস | ১.৫০ |
| ১১। | পাঞ্জাবীর কাপড় | ১ মিটার | ১.৫০ |
| ১২। | তাঁতের তৈরী পর্দার কাপড় | ১ মিটার | ১.০০ |

(খ) টিটি'র মাধ্যমে প্রাপ্ত অগ্রিম মূল্যের ক্ষেত্রে রপ্তানিকারকের আবেদনের ঘোষণা মোতাবেক সংশ্লিষ্ট রপ্তানি পণ্য উৎপাদনে ব্যবহৃত উপকরণাদির সংগ্রহ সূত্রসহ সঠিক মূল্য ও পরিমাণ, যথার্থ মূল্যে রপ্তানি কার্যক্রম সম্পাদন এবং বিদেশী ক্রেতার যথার্থতা/বিশ্বাসযোগ্যতা সম্পর্কে বাংলাদেশ উইভার্স প্রডাক্টস এন্ড ম্যানুফ্যাকচারার্স বিজনেস এসোসিয়েশন কর্তৃক ইস্যুকৃত প্রত্যয়নপত্র (পরিশিষ্ট-ক মোতাবেক) দ্বারা সমর্থিত হইতে হইবে ।

চলমান পাতা - ০২

(গ) টিটি'র মাধ্যমে অগ্রিম প্রাপ্ত মূল্য প্রত্যাবাসন শর্তযুক্ত রপ্তানি চুক্তির বিপরীতে রপ্তানির ক্ষেত্রে অনুমোদিত ডিলার ব্যাংক শাখাকে বিদেশী ক্রেতার যথার্থতা, সঠিক মূল্যে রপ্তানি কার্যক্রম সম্পাদন এবং বাংলাদেশ থেকে প্রকৃত রপ্তানির বিপরীতে টিটি'র মাধ্যমে মূল্য প্রত্যাবাসন সম্পর্কে টিটি বার্তার ভাষ্য ও অন্যান্য কাগজপত্রের ভিত্তিতে নিশ্চিত হইয়া এতদবিষয়ে ঘোষণা প্রদান করিতে হইবে।

(ঘ) দেশীয় বস্ত্র রপ্তানির ন্যায় হস্তচালিত তাঁত বস্ত্রের (জামদানী শাড়ী, লুঙ্গী, গামছা, টাঙ্গাইল শাড়ী, বেনারসী শাড়ী, উপজাতীয় তাঁত বস্ত্র, মনিপুরী তাঁত বস্ত্র, জামদানী টু-পিস, তাঁতের তৈরী থ্রী পিস, কুসন কভার, পাঞ্জাবীর কাপড় ও তাঁতের তৈরী পর্দার কাপড়) রপ্তানির ক্ষেত্রে ৫% (পাঁচ শতাংশ) হারে নগদ সহায়তা প্রদেয় হইবে। নগদ সহায়তা প্রাপ্তির নিমিত্তে এফ,ই সার্কুলার নং ০৮/২০০১ এর সাথে সংযোজিত ফরম-ক মোতাবেক আবেদনপত্র দাখিল করিতে হইবে।

(ঙ) হস্তচালিত তাঁত বস্ত্র (জামদানী শাড়ী, লুঙ্গী, গামছা, টাঙ্গাইল শাড়ী, বেনারসী শাড়ী, উপজাতীয় তাঁত বস্ত্র, মনিপুরী তাঁত বস্ত্র, জামদানী টু-পিস, তাঁতের তৈরী থ্রী পিস, কুসন কভার, পাঞ্জাবীর কাপড় ও তাঁতের তৈরী পর্দার কাপড়) রপ্তানির বিপরীতে নগদ সহায়তা প্রাপ্তির জন্য (ক) অনুচ্ছেদে বর্ণিত সিলিং মূল্য প্রযোজ্য হইবে। তবে শর্ত থাকে যে, ইহা ন্যূনতম রপ্তানি মূল্য (MEP) নহে। শুধুমাত্র নগদ সহায়তা প্রদানের ক্ষেত্রে প্রকৃত রপ্তানি মূল্য এবং উপরোক্ত সিলিং মূল্যের মধ্যে যেটি কম হয় সেটি প্রযোজ্য হইবে।

(চ) আলোচ্য নির্দেশনা সার্কুলার জারির তারিখ হইতে কার্যকরী হইবে।

সংশ্লিষ্ট সকল পক্ষকে এতদ্‌মর্মে অবহিতকরণের জন্য অনুরোধ জানানো যাইতেছে।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ জহিরুল হক)
উপ-মহাব্যবস্থাপক
ফোন ঃ ৭১২০৩৭৫

পরিশিষ্ট–ক

# বাংলাদেশ উইভার্স প্রডাক্টস এন্ড ম্যানুফ্যাকচারার্স বিজনেস এসোসিয়েশন কর্তৃক প্রদেয় সনদপত্র

## হস্তচালিত তাঁতবস্ত্র রপ্তানি খাতে নগদ সহায়তা প্রাপ্তির সনদ পত্র ।

১। আবেদনকারী প্রতিষ্ঠানের নাম :
ঠিকানা :

২। রপ্তানি ঋণপত্র/চুক্তিপত্রের নম্বর ঃ তারিখ ঃ মূল্যমান ঃ

৩। বিদেশী ক্রেতার নাম ঃ
ঠিকানা ঃ

৪। বিদেশী ক্রেতার ব্যাংকের নাম ঃ
ঠিকানা ঃ

৫। ক) ইনভয়েস নম্বর ঃ তারিখ ঃ
খ) ইনভয়েসে উল্লেখিত পণ্যের পরিমান ঃ মূল্য ঃ

৬। ক) রপ্তানি পণ্যে ব্যবহৃত স্থানীয় উপকরনাদির বর্ণনাঃ পরিমান ঃ মূল্য ঃ
খ) সংগ্রহসূত্র (সরবরাহকারীর নাম ও ঠিকানা)ঃ

৭। ক) রপ্তানি পণ্যের বিবরন ঃ
খ) প্রকৃত রপ্তানিকৃত পণ্যের পরিমান ঃ মূল্য ঃ

৮। জাহাজীকরনের তারিখ ঃ গন্তব্য বন্দর ঃ

৯। ইএক্সপি ফরম নম্বর ঃ তারিখ ঃ মূল্য ঃ

১০। মোট প্রত্যাবাসিত রপ্তানিমূল্য (বৈদেশিক মুদ্রায়) ঃ

১১। প্রত্যাবাসিত রপ্তানি মূল্যের সনদপত্র নম্বর ঃ তারিখ ঃ

১২। নীট এফওবি মূল্য ঃ

(রপ্তানিকারকের স্বাক্ষর ও তারিখ)

এতদ্বারা প্রত্যয়ন করা যাইতেছে যে, স্থানীয়ভাবে সংগ্রহকৃত সূতা ব্যবহারের মাধ্যমে আমাদের নিজস্ব কারখানায় উৎপাদিত হস্তচালিত তাঁতবস্ত্র রপ্তানির বিপরীতে নগদ সহায়তার জন্য উপরোক্ত অনুচ্ছেদসমূহের বক্তব্য সঠিক ও নির্ভুল । বিদেশী ক্রেতা/আমদানিকারকের ক্রয়াদেশের যথার্থতা/বিশ্বাসযোগ্যতা সম্পর্কেও নিশ্চিত করা হইল ।

(রপ্তানিকারকের স্বাক্ষর ও তারিখ)

রপ্তানিকারকের উপরোক্ত ঘোষনাগুলির যথার্থতা যাচাইয়ে সঠিক পাওয়া গিয়াছে; ঘোষিত রপ্তানিমূল্য যুক্তিযুক্ত ও বিদ্যমান আন্তর্জাতিক বাজার মূল্যের সংগে সংগতিপূর্ণ পাওয়া গিয়াছে । প্রত্যাবাসিত মূল্যের অনুকুলে উপরোক্ত রপ্তানিকারককে নগদ সহায়তা প্রদানের জন্য সুপারিশ করা হইল ।

এসোসিয়েশন এর দুইজন কর্মকর্তার স্বাক্ষর ও সীল

কোন প্রকার ঘষামাজা, কাটাছেঁড়া বা সংশোধন করা হইলে এই প্রত্যয়নপত্র বাতিল বলিয়া গণ্য হইবে ।